



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd



স্মারক নং-১৬.০২.০০০০.০৭৪.৩১.০৮২.২৬/ ৬৬

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

বিষয়:- বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন মেনাজ উদ্দিন সরদার গং ওয়াক্ফ এস্টেটের (ই.সি.নং-৮০৮২) মৃত যুগ্ম মোতাওয়াল্লীর স্থলে যুগ্ম মোতাওয়াল্লী নিয়োগ প্রসঙ্গে।

সূত্র:- ১। জনাব এস.এম তারিকুল ইসলাম কর্তৃক দাখিলকৃত গত ২৫.১০.২০২৩ খ্রি: তারিখের মোতাওয়াল্লী নিয়োগে আবেদন।
২। স্থানীয় ওয়াক্ফ পরিদর্শক কর্তৃক গত ০৯.১০.২০২৪ খ্রি: তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে ওয়াক্ফ দলিলের শর্ত, ওয়ারিশদের সমর্থন এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে এস্টেটের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে মৃত যুগ্ম মোতাওয়াল্লী আ: খালেক সরদার এর স্থলে নির্দেশক্রমে তাকে (জনাব এস.এম তারিকুল ইসলাম) ০৫.০৪.২০২৬ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদের জন্য নিম্নবর্ণিত শর্তে যুগ্ম অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

-: শর্তসমূহ :-

০১. ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিল অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে;
০২. ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন (০৫%) প্রতি অর্থবছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিক ভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
০৩. প্রতিবছর ১৫ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
০৪. ওয়াক্ফ এস্টেট পরিচালনায় সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০৫. ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (Record of Rights) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবেনা;
০৬. ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৭. এস্টেটের বিচারাধীন মামলাসমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
০৮. প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;

স্বাক্ষর:

মুহাম্মদ আবুল কাসেম
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।


জনাব এস.এম তারিকুল ইসলাম
যুগ্ম মোতাওয়াল্লী
মেনাজ উদ্দিন সরদার গং ওয়াক্ফ এস্টেট
পিতা-মৃত আ: খালেক সরদার
সাং-পূর্ব নারায়নপুর, পো:-ভারুকাঠি নারায়নপুর
উপজেলা- উজিরপুর, জেলা-বরিশাল।

স্মারক নং-১৬.০২.০০০০.০৭৪.৩১.০৮২.২৬/ ৮২/১(৩)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। জেলা প্রশাসক ও সভাপতি জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, জেলা-বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, উপজেলা-উজিরপুর, জেলা-বরিশাল।
- ✓ ৩। সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ৫। জনাব মো: জহিরুল হক শাহীন, ওয়াক্ফ পরিদর্শক, বায়তুল খলিল, ২০নং নবগ্রাম রোড, বটতলা, সদর জেলা-বরিশাল।


সহকারী প্রশাসক (চ.দা)